মিথ্যামুক্ত সমাজ গঠণে শিক্ষার্থীদেরই এগিয়ে আসতে হবে-সাবেক সচিব রাশেদুল ইসলাম

এনজিও বিষয়ক ব্যুরোর সাবেক মহাপরিচালক ও অর্পণ-দর্পণ স্মৃতি ফাউন্ডেশনের প্রধান নির্বাহী রাশেদুল ইসলাম বলেন, মিথ্যামুক্ত সমাজ গঠণ করে সকল খারাপ কাজ দুরিভূত করতে হবে।তাই মিথ্যামুক্ত সমাজ গঠণে শিক্ষার্থীদেরই এগিয়ে আসতে হবে।

ভাল কাজের মধ্যে কোনো সীমা নেই। সমাজে অনেক ভাল কাজ আছে। ধর্ম ও কর্মের মধ্যে দুরত্ব কমাতে হবে। তাহলেই মিথ্যামুক্ত সমাজ গঠণ হবে।

এগিয়ে যাওয়ার জন্য বই পড়ি ও সত্য অনুশীলন প্রতিযোগীতা -২০২২ উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও পুরুস্কার বিতরণী অনুষ্ঠানে পরিকল্পকের বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ শনিবার (৫ নভেম্বর) বেলা ১১ টার সময় মেহেরপুর শিল্পকলা মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুষ্ঠানের আয়োজক বিশিষ্ট সমাজ সাংস্কৃতিক ব্যাক্তিত্ব সিরাজুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, শিক্ষা ব্যবস্থাপক ও সাহিত্যিক ড. সাঈফ ফাতেউর রহমান, মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব রনী খাতুন, মেহেরপুর জেলা জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন প্রমুখ।

অর্পণ-দর্পণ স্মৃতি ফাউন্ডশেনের আয়োজনে মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ৮০ টি মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় ও ৫ টি কিন্ডারগার্টেন স্কুলের প্রায় ৩ শতাধিক শিক্ষার্থীদের মাঝে “লকডাউনে আমার মা” নামক একটি বই পড়তে দেওয়া হয়। বইটি থেকে তারা পরীক্ষায় অংশ নেয়। বই পড়া প্রতিযোগীতায় অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর হাতে বই তুলে দেওয়া হয়। এছাড়া বিভিন্ন বিদ্যালয়ের

প্রধান শিক্ষকদের হাতেও বই তুলে দেওয়া হয়। বই পড়া প্রতিযোগীতা মেহেরপুর জেলাকে পাইলট প্রকল্প হিসেবে নিয়ে এটি পর্যায়ক্রমে সারা দেশে ছড়িয়ে দেওয়া হবে বলেও জানান আয়োজকদের পক্ষ থেকে। অংশগ্রহণকারীদের ক্রেষ্ট, সার্টিফিকেট, বই ও প্রাইজবন্ড তুলে দেওয়া হয়েছে।

গাংনীতে ৫১তম জাতীয় সমবায় দিবস পালিত

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্যে গাংনী উপজেলায় পালিত হয়েছে ৫১তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি পালন উপলক্ষ্যে আজ শনিবার সকালে একটি বর্ণাঢ্য র্যালি গাংনী উপজেলা পরিষদ চত্ত্বর থেকে বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ সভাকক্ষে সমবায়ী আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা সমবায় অফিসার মোঃ মাহাবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথী ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথী ছিলেন গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার প্রমুখ।

গাংনী উপজেলা পরিষদ ও সমবায় অফিস আয়োজিত এ অনুষ্ঠানে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, উপজেলার বিভিন্ন সমবায়ী প্রধান ও সদস্য এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

অবশেষে বিয়ের পিঁড়িতে বসলেন মাসুদ অরুন

অবশেষে বিয়ের পিঁড়িতে বসলেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

আজ শুক্রবার সন্ধ্যায় তিনি চুয়াডাঙ্গার সাহেদ প্যালেসে বিবাহের অনুষ্ঠান সম্পন্ন হয়।

তিনি চুয়াডাঙ্গার আসমানখালী এলাকার বন্দরভিটা গ্রামের মৃত মহাম্মদ আলীর মেয়ে প্রাথমিক শিক্ষিকা আমেনা খাতুনের সাথে তিনি গাঁটছড়া বাধেন। বিয়ের অনুষ্ঠানের পরিবারের সদস্য ও নিকটতম রাজনৈতিক সহকর্মীরা উপস্থিত ছিলেন।

মাসুদ অরুন মেহেরপুর জেলা বিএনপির প্রতিষ্ঠাতা, ভাষা সংগঠক, বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি আহমদ আলীর বড় ছেলে। তিনি ২০০১ সালে বিএনপির সরকারের আমলে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ছিলেন।

এদিকে, বিয়ের পিড়িতে বসায় মেহেরপুরের বিভিন্ন শেণী পেশার মানুষ তাঁর নতুন দাম্পত্য জীবনের শুভকামনা জানিয়ে শুভেচ্ছা জানিয়েছেন।

দামুড়হুদা মডেল সরকারি প্রাইমারি বিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ে মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা সদরের মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বিদ্যালয়ের শিক্ষার গুণগত মানোন্নয়নে প্রাক্তন শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভায় বিদ্যালয়ের পূর্বের পরিবেশ ফিরিয়ে আনতে বিদ্যালয় চত্বরে ফুল বাগান তৈরি, বৃক্ষ রোপন করার বিষয়ে

সিদ্ধান্ত হয়।

শুক্রবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি মাকসুদুর রহমান রতনের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন বিদ্যালয় পরিচালনা পরিষদের সহসভাপতি দামুড়হুদা সদর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের মেম্বার জাহিদুল ইসলাম, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দীন, বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী মো আনারুল ইসলাম, মো রহমতুল্লাহ।

বিদ্যালয়ের আইসিটি কক্ষে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ইমরান হোসেন, রাসেল, সাব্বির রহমান, মিজান, রাব্বী, আবিদ, ফাহাদ প্রমূখ।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় দুজন নিহতের বাড়ি মেহেরপুর

চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়ায় গভীর রাতে গরু বোঝায় ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কার ঘটনা ঘটেছে। এতে ট্রাকের উপরে এবং ভিতরে থাকা চারজনের মধ্যে দুজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও দুজন। তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এসময় ট্রাকে থাকা ১৯ গরুর মধ্যে ৭টি গরু ঘটনাস্থলে মৃত্যু হয়।

বৃহস্পতিবার (০৩ অক্টোবর) দিবাগত রাত ৩ টার দিকে চুয়াডাঙ্গা- মেহেরপুর আঞ্চলিক সড়কের আলুকদিয়া বিশ্বাস ফিলিং স্টেশনের (তেলপাম্প) নিকট এ দূর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন, মেহেরপুর জেলার রায়পুর গ্রামের লুৎফরের ছেলে আশরাফুল হক (৫০) ও একই জেলার বাসস্ট্যান্ডপাড়ার হারুন উর রশিদের ছেলে মনির হোসেন (৪৫)।

তিনি আরও বলেন, স্থানীয় লোকজনের ভাষ্যমতে চালকের পরিবর্তে হেলপার ট্রাকটি চালাচ্ছিলেন। ঘুমের ভাব আসার কারণেই এঘটনা ঘটেছে। ট্রাকে ১৯-২০ টা গরুর মধ্যে ৭ টা গরু ঘটনাস্থলেই মারা যায়। বাকি গরুগুলো মারাত্মক আহত হয়েছে। বিষয়টি আইনি প্রক্রিয়াধীন।

দুই নেতার আত্মার মাগফিরাত কামনায় কোটচাঁদপুর বিএনপি’র দোয়া ও আলোচনা সভা

বিএনপি’র সাবেক স্থায়ী কমিটির সদস্য মন্ত্রী, সংসদ সদস্য, যশোর জেলা বিএনপি’র সভাপতি ও দক্ষিণ বঙ্গের কৃতি সন্তান মরহুম তরিকুল ইসলাম ও বিএনপি’র সাবেক চেয়ারপার্সনের উপদেষ্টা সংসদ সদস্য, বীর মুক্তি যোদ্ধা, ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি মরহুম আলহাজ্ব মশিউর রহমানের আত্মার মাগফিরাত কামনায় দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি কোটচাঁদপুর উপজেলা ও পৌর শাখার উদ্দগে উপজেলা বিএনপির মেইন বাসস্ট্যান্ড দলিও কার্যালয়ে দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সাবেক পৌর মেয়র ও পৌর বিএনপি’র সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডলের সভাপতিত্বে দোয়া ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি এ্যাডঃ এম এ মজিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা,সাংগঠনিক সম্পাদক মাজেদুর রহমান পপ্পু, জেলা বিএনপি’র সহ-সভাপতি আবু বকর বিশ্বাস, উপজেলা বিএনপি’র সভাপতি আব্দুর রাজ্জাক, জেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আবুল কাশেম, জেলা বিএনপি’র প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক মস্তফা সাইদ, জেলা বিএনপি’র শিশু বিষয়ক সম্পাদক

ফারুকুল আলম শেখা, জেলা বিএনপি’র সহ-সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন-অর- রশিদ, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু প্রমুখ।

সে সময় উপস্থিত ছিলেন যুবদল, ছাত্রদল, শ্রমিকদল,কৃষকদল,সেচ্ছাসেবকদল সহ বিএনপি’র সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী বৃদ্ধ।

অনুষ্ঠান পরিচালনা করেন উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভূইয়া, দোয়া পরিচালনা করেন জেলা বিএনপি’র উপদেষ্টা মাহবুব খান হানিফ।

ঝিনাইদহে জাতীয় সংবিধান দিবস পালিত

ঝিনাইদহে জাতীয় সংবিধান দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসনের আয়োজনে শুক্রবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে। এরপর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা’র সভাপতিত্বে অনুষ্ঠানে জেলা প্রশাসক মনিরা বেগম, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সরকারি কৌসুলী বিকাশ কুমার ঘোষ, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা প্রেসক্লাবের সভাপতি মিজানুর রহমান, পরিবেশবিদ মাসুদ আহম্মেদ সঞ্জু ও এ্যাড. সালমা ইয়াছমিন বক্তব্য রাখেন।

বক্তারা, দেশের মানুষের অধিকার বাস্তবায়নে সর্বস্তরে সংবিধানের সঠিক চর্চা ও জনগণকে সংবিধান সম্পর্কে ধারণা দেওয়ার আহবান জানান।

কোটচাঁদপুরে চাচাত ভাইয়ের দায়ের কোপে চাচাত ভাই আহত

চাচাত ভাইয়ের দায়ের কোপে গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আরেক চাচাত ভাই আব্দুস সামাদ। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের সিঙ্গিয়া গ্রামে।

আব্দুস সামাদের ছেলে আলমগীর হোসেন বলেন, সিঙ্গিয়া মৌজার ১১ শতক জমি নিয়ে দীর্ঘদিন ধরে ঝামেলা চলছিল ইউপি সদস্য আব্দুস সাত্তার চাচার সঙ্গে। বিষয়টি নিয়ে স্থানীয় থানা ও আদালতে মামলা ও হয়েছে কয়েকটি।

ওই মামলা গুলো আদালতে চলমান। এরমধ্যে একটি মামলার আজ তদন্ত ছিল। এ খবরে চাচা আব্দুস সাত্তার সকালে উঠে প্রমান ও দখল শর্ত অপসারণ করছিলেন। এ সময় আমরা বাধা দেওয়ায় আব্দুস সাত্তার সহ সঙ্গীয়রা আমাদের উপর দা,লাঠি নিয়ে হামলা করেন।

এতে করে তাদের দায়ের কোপে গুরুতর আহত হয়েছেন আমার পিতা। এ ঘটনার পর আমরা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বর্তমানে তিনি ওই স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। বিষয়টি নিয়ে থানায় মামলাও করবেন বলে জানান আলমগীর হোসেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামান বলেন,এ ধরনের ঘটনায় একটা পক্ষ অভিযোগ করতে এসোছিল। আমি তাদেরকে অভিযোগ টি লিখে আনতে বলেছি। তবে এখনো হাতে পায়নি।

কোটচাঁদপুরে সংবিধান দিবস পালিত

র্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে কোটচাঁদপুরে পালিত হয়েছে জাতীয় সংবিধান দিবস। শুক্রবার উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম, উপজেলার ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, সহসভাপতি লুৎফর রহমান, মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, দোড়া ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল জলিল, এলাঙ্গীর মিজানুর রহমান,সাবদারপুরের আব্দুল মান্নান।

এর আগে একটা র্যালী শহরের বিশেষ বিশেষ সড়ক প্রদক্ষিন করেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

কুষ্টিয়ায় জাতীয় সংবিধান দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

জাতীয় সংবিধান দিবস উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে আলাচনা সভায় বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক আরিফুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সিরাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ

সুপার আবু রাসেল, বিজ্ঞ জিপি এ্যাড. আসম আক্তারুজ্জামান মাসুম, মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার হাজী রফিকুল আলম টুকু, কুষ্টিয়া পাবলিক লাইব্রেরির সদস্য সচিব বিশিষ্ট লেখক ও গবেষক দৈনিক কুষ্টিয়ার সম্পাদক ড. আমানুর আমান, কুষ্টিয়া প্রেসক্লাবের (কেপিসি) সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম তার বক্তব্যে বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। এটি একটি লিখিত দলিল। সংবিধান দেশের সর্বোচ্চ আইন, দেশ পরিচালনার ক্ষেত্রে সর্বদা সংবিধানকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। সংবিধানের মর্যাদা সমুন্নত রাখতে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে কাজ করে যেতে হবে।

সভায় বক্তারা বলেন, পৃথিবীতে যত সংবিধান হয়েছে তার মধ্যে বাংলাদেশের সংবিধান অন্যতম। আর এই সংবিধানকে সমুন্নত রাখার দায়িত্ব সকলের।

বক্তারা আরও বলেন, ৪ নভেম্বর বাঙালি জাতির এক ঐতিহাসিক দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে দীর্ঘ ২৩ বছরের রাজনৈতিক সংগ্রাম ও ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয়ের মাত্র ১১ মাসের মধ্যে এদিনে গৃহীত হয়েছিল বাঙালি জাতির অধিকারের দলিল, বহুল আকাঙ্ক্ষিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

সরকারের কর্মচারীরাই সংবিধানের ধারক ও বাহক হিসেবে উল্লেখ করে সকলকে নিষ্টার সাথে দায়িত্ব পালনের আহবান জানান বক্তারা।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট নাসরিন আক্তার বানু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেন, জেলা মহিলা বিষয়ক অফিসার নূরে সফুরা ফেরদৌস, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস, সহকারী কমিশনার ভূমি দবির উদ্দিন, কুষ্টিয়া প্রেসক্লাবের দপ্তর সম্পাদক এম লিটনউজ্জামান, সাপ্তাহিক প্রভাষণ পত্রিকার সম্পাদক আক্তারুজ্জামান মৃধা পলাশ, দৈনিক দেশের বানী পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক এসএম জামালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে গণপ্রজাতন্ত্রী